

website: www.bb.org. bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

নভেম্বর ১৮, ২০১২

তারিখ :-----

অগ্রহায়ণ ০৪, ১৪১৯

বিআরপিডি সার্কুলার নং -১৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সব সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক ।

প্রিয় মহোদয়,

অতি-দরিদ্র মহিলাদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে ।

সামাজিক নিরাপত্তা বেষ্টনীমূলক কর্মসূচীর আওতায় দরিদ্র জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা ও জীবিকায়ন সুবিধা বৃদ্ধিকল্পে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ‘Food and Livelihood Security (FLS)’ নামীয় একটি প্রকল্প পরিচালিত হচ্ছে ।

উক্ত প্রকল্পের আওতায় উপকারভোগী অতি-দরিদ্র মহিলা ও প্রাতিক/বর্গা চাষীদের মাসিক খোরাকী ভাতা ও আয়বর্ধক কর্মকাণ্ডের জন্য উৎপাদনমূলক সম্পদ ক্রয়ে প্রদেয় অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদানের লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জাতীয় পরিচয় পত্র / জন্ম নিবন্ধন কার্ড ও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত ‘এফ. এল. এস উপকারভোগীর কার্ড’ এর বিপরীতে উক্ত প্রকল্পের উপকারভোগীগণ ১০(দশ) টাকা জমা প্রদানপূর্বক ব্যাংক হিসাব খুলতে পারবে । এ সব হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ কিংবা কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না । চেক বই এর অপ্রতুলতা থাকলে চেক বই এর পরিবর্তে ভাউচারের মাধ্যমেও এ সব হিসাবে লেনদেন করা যাবে ।

এমতাবস্থায়, ফুড ও লাইভলিহুড প্রকল্পের উপকারভোগীদের ভাতা প্রদান এবং তাদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকরণার্থে ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশ দেয়া হলো ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুর রুফ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১১৭৮২৫